

# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

গাজীপুর চৌরাস্তা শাখা, গাজীপুর ।

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, (১) হাজী মোঃ আব্দুল সবুর মন্ডল, পিতা: মৃত আব্দুর রহমান, মাতা-রহিমুন নেছা, (২) মোসাঃ খোদেজা বেগম, স্বামী: হাজী মোঃ আব্দুল সবুর মন্ডল, মাতা-মৃত রহিমা বেগম, (৩) মোঃ আশরাফুল আলম, পিতা: মোঃ আব্দুল সবুর মন্ডল, মাতা-মোসাঃ খোদেজা বেগম, বর্তমান ও স্থায়ী ঠিকানা: ইটাহাটা, ডাকঘর: চান্দনা, থানা: গাজীপুর সদর, জেলা: গাজীপুর এবং মেসার্স তুসমি ড্রাগ হাউস, স্বত্বাধিকারী-জনাব মোঃ আশরাফুল আলম, পিতা: হাজী আব্দুল সবুর মন্ডল, মাতা: মোসাঃ খোদেজা বেগম, ব্যবসায়িক ঠিকানা (নতুন): খালেক সরকার মার্কেট, ময়মনসিংহ রোড, চান্দনা চৌরাস্তা, গাজীপুর সদর, গাজীপুর, (পুরাতন): উনিশে টাওয়ার, ময়মনসিংহ রোড, চান্দনা চৌরাস্তা, গাজীপুর সদর, গাজীপুর কর্তৃক ইউসিবি, গাজীপুর চৌরাস্তা শাখা হইতে গৃহীত বাড়ী নির্মাণ ও সিসি হাইপো ঋণের জামানত হিসাবে হাজী আব্দুল সবুর মন্ডল ও মোসাঃ খোদেজা বেগম নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত ৩ তলা স্থাপনাদি বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংকে প্রদান করিয়াছেন। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৯/০৯/২০১৮ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৮৩,২১,৩২৯/- (তিরিশ লক্ষ একুশ হাজার তিনশত উনত্রিশ) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-গাজীপুর, থানা-জয়দেবপুর, সাব-রেজিস্ট্রি অফিস-গাজীপুর সদর, গাজীপুর, জে.এল. নং-সি.এস.-৩৫, এস.এ.-৩৫, আর.এস.-৩৫, খতিয়ান নং-সি.এস.-৩৫২, এস.এ.-৫১৭, আর.এস.-৮২৫, দাগ নং-সি.এস. ও এস.এ.-১২২৬, আর.এস.-৪৪৪৬, খারিজ খতিয়ান নং-৫১৭ (এস.এ.), ৮২৫ (আর.এস.), জোত নং-৪৯৫৯, প্লট নং-১২২৬ (সি.এস. ও এস.এ.), ৪৪৪৬ (আর.এস.), মোট জমির পরিমাণ-৫ শতাংশ এবং তদুপরিস্থিত ৩ তলা স্থাপনাদি।

## নিলামের শর্তাবলী

- (১) আগামী ১৬.১০.২০১৮ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গাজীপুর চৌরাস্তা শাখায় রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গাজীপুর চৌরাস্তা শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে

যোগাযোগ করিতে পারিবেন।

- (c) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গাজীপুর চৌরাস্তা শাখা, গাজীপুর।